

যুগান্তর

JUN 05 2002

তারিখ
পৃষ্ঠা

ত্রিশালে ভূয়া আলিম পরীক্ষার্থী গ্রেফতার

ময়মনসিংহ প্রতিনিধি

গতকাল সোমবার ত্রিশালে আলিম বাংলা পরীক্ষা চলাকালে মোজাম্মেল হক নামের ১ জন ভূয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়। ত্রিশাল প্রতিনিধি জানান, গ্রেফতারকৃত ভূয়া পরীক্ষার্থী মোজাম্মেল পরীক্ষার শুরু থেকেই ত্রিশালের বাগান আলিম মাদ্রাসার আলিম পরীক্ষার্থী হেলাল উদ্দিনের পরিবর্তে পরীক্ষা দিয়ে আসছিল। গোপন সূত্রে খবরে থানা নির্বাহী অফিসার মীর আলী রেজা গতকাল সোমবার আলিম বাংলা পরীক্ষা চলাকালে তাকে গ্রেফতার করে পুলিশে সোপর্দ করেন। মোজাম্মেল মুক্তাগাছা উপজেলার বনগোয়ালিয়া গ্রামের অধিবাসী।